

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪১৩০

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - যেসব প্রাণী খাওয়া হালাল ও হারাম

আরবী

وَعَنْ خَالِدِ بْنِ الْوَلِيدِ: أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ نَهَىٰ عَنْ أَكْلِ لُحُومِ الْخَيْلِ
وَالْبَغَالِ وَالْحَمِيرِ. رَوَاهُ أَبُو دَاؤُدُ وَالنَّسَائِيُّ

বাংলা

৪১৩০-[২৭] খালিদ ইবনু ওয়ালীদ (রাঃ) হতে বর্ণিত যে, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ঘোড়া, খচর
এবং গাধার মাংস খেতে নিষেধ করেছেন। (আবু দাউদ ও নাসায়ী)[১]

ফুটনোট

[১] য়েফিফ : আবু দাউদ ৩৭৯০, নাসায়ী ৪৩৩২, ইবনু মাজাহ ৩১৯৮, য়েফিফ আল জামি'উস্স সগীর ৬৩৩৩,
সিলসিলাতুয় য়েফিফাহ ১১৪৯, সিলসিলাতুস্স সহীহাহ ৩৫৯।

হাদীসটি য়েফিফ হওয়ার কারণ, মূসা ইবনু হারুন (রহিমাতুল্লাহ) বলেনঃ হাদীসটির একজন বর্ণনাকারী 'সালিহ'-কে
তার দাদার পরিচয় ছাড়া চেনা যায় না। আর ইনি একজন য়েফিফ বর্ণনাকারী। আস্স সুনানুস্স সুগরা ৩/১৯৪ পঃ,
হাঃ ৪২৫১।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ দারাকুত্বনীতে ইবনু 'আবুস (রাঃ) কর্তৃক বর্ণিত রয়েছে, সেখানে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম
ঘোড়ার গোশত খাওয়ার নির্দেশ দিয়েছেন। ইমাম তুহাবী (রহিমাতুল্লাহ) বলেনঃ ইমাম আবু হানীফাহ (রহিমাতুল্লাহ)-সহ
ঘোড়ার গোশত খাওয়া মাকরহ বলেছেন, তবে তার ছাত্রব্য ইমাম ইউসুফ ও ইমাম মুহাম্মাদ (রহিমাতুল্লাহ)-সহ
অন্যান্যরা এটাকে জায়িয বলেছেন। তারা ঘোড়ার গোশত হালাল হওয়ার ব্যাপারে মুতাওয়াতির হাদীস দ্বারা দলীল
গ্রহণ করেছেন। ('আওনুল মাবুদ ৬ষ্ঠ খন্দ, হাঃ ৩৭৮৫)

হাদিসের মান: যউফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ খালিদ ইবনু ওয়ালীদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=74853>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন